

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং-৩০১-আইন/২০১৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, “মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৬” এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ২ এ উল্লিখিত দফা (৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ “প্রকল্প” অর্থ তফশিলের কলাম (২) এ উল্লিখিত কোনো প্রকল্প;”;

(২) তফশিলের শিরোনামে উল্লিখিত “১২টি প্রকল্পের” সংখ্যা ও শব্দের পরিবর্তে “প্রকল্পসমূহের” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(২২৯৫৫)

মূল্য : টাকা ৪.০০

(৩) তফশিলের ক্র: নং ১২ এর পর—

(ক) নিম্নরূপ ক্র: নং ১৩ ও উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রি সংযোজিত হইবে, যথা:—

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৩	“বিত্তহীন মহিলা উন্নয়ন কর্মসূচি (FSVGD) ২য় পর্যায়” প্রকল্প	জুলাই ২০০১ জুন ২০০৮	সহকারী পরিচালক হিসাব রক্ষণ কর্মকর্তা হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার কম্পিউটার অপারেটর উচ্চমান সহকারী গাড়ী চালক অফিস সহায়ক	১ ১ ৫৯ ২ ১ ৬ ৯
			মোট=	৭৯
			সর্বমোট=	১০১৮

(খ) কলাম (৪) এ উল্লিখিত “সর্বমোট” শব্দটির বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত “৯৩৯” সংখ্যাটির পরিবর্তে “১০১৮” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ফয়েজ আহম্মদ
সচিব।